সমকাল

19 OCT 2017

ভিকারুননিসা স্কুল

# প্রথম শ্রেণিতে ভর্তি ফরম বিক্রি শুরু ২৫ অক্টোবর

■ সমকাল প্রতিবেদক

রাজধানীর খ্যাতনামা শিক্ষা প্রতিষ্ঠান ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজে ইংরেজি ও বাংলা মাধ্যমে ২০১৮ শিক্ষাবর্ষে প্রথম শ্রেণিতে ভর্তির ফরম বিক্রি শুরু হবে ২৫ অক্টোবর। চলবে ১ নভেম্বর পর্যন্ত।

ভারপ্রাপ্ত অধ্যক্ষ নাজনীন ফেরদৌস সমকালকে জানান, ২৫ অক্টোবর বুধবার সকাল ৬টা থেকে অনলাইনে আবেদন প্রক্রিয়া শুরু হবে। ১ নভেম্বর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদনের সুযোগ রয়েছে। ভর্তি ফরমের জন্য ২০০ টাকা ও অনলাইন চার্জের জন্য পাঁচ টাকা মোট ২০৫ টাকা অনলাইন ব্যাংকিং রকেটের মাধ্যমে পাঠাতে হবে। বিস্তারিত তথ্য স্কুলের ওয়েবসাইটে (www.vnsc.edu.bd) দেওয়া হয়েছে। রাজধানীর বেইলি রোডের প্রধান শাখাসহ আজিমপুর, বসুন্ধরা এবং ধানমণ্ডি শাখার বিভিন্ন শ্রেণিতে ছাত্রীদের ভর্তির সুযোগ রয়েছে। ৪০ শতাংশ এলাকা কোটার জন্য মূল শাখায় ১৯ ও ৩৫ নম্বর ওয়ার্ডের বাসিন্দারা, ধানমণ্ডি শাখায় ১৫, ১৬ ও ১৭ নম্বর ওয়ার্ডের বাসিন্দারা, বসুন্ধরা শাখায় ভাটারা থানার বাসিন্দারা এবং আজিমপুর শাখায় ২৩, ২৪, ২৫ ও ২৬ নম্বর ওয়ার্ডের বাসিন্দারা সুযোগ পাবেন। ভারপ্রাপ্ত অধ্যক্ষ জানান, যেসব শিশুর জন্ম ১ জানুয়ারি ২০১১ থেকে ৩১ ডিসেম্বর ২০১১ এর মধ্যে, তারাই শুধু আবেদন করতে পারবে।